

প্রথম আলো

অনলাইন সংস্করণ

ঢাকা, শুক্রবার, ২ নভেম্বর ২০০৭, ১৮ কার্তিক ১৪১৪, ২০ শাওয়াল ১৪২৮
বর্ষ ৯, সংখ্যা ৩৫২, আপডেট : বাংলাদেশ রাত ২টা ২৫ মিনিট

যুক্তিঃ চিন্তামূলক নানাবিধ রচনা

সিলেট থেকে প্রকাশিত পত্রিকা যুক্তির এটাই প্রথম সংখ্যা। বিজ্ঞান, দর্শন, সাহিত্যের সঙ্গে সম্পর্কিত বেশকিছু প্রবন্ধ-নিবন্ধ, অনুবাদ ছাড়াও সাম্প্রতিক ইস্যু নিয়ে যুক্তির যাত্রা শুরু হয়েছে। পত্রিকাটির প্রথমেই ছাপা হয়েছে বিজ্ঞানবিষয়ক প্রবন্ধ ‘ত্রুতো থেকে আরজ আলী মাতুব্বর’, লিখেছেন অজয় রায়। গল্পছলে প্রবন্ধটি ধীরে ধীরে এগিয়েছে, অত্যন্ত সহজ ও সাবলীল ভাষায় যে কথাগুলো তিনি বলেছেন, তা মূলত বিজ্ঞান ও দর্শনচর্চার ইতিহাস। যুগে যুগে বিজ্ঞান রূপান্তরিত হয়েছে লড়াইয়ের হাতিয়ারে, ধর্ম-চার্চ ও শাসকশোষণ শ্রেণী বিজ্ঞানচর্চার পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে, কিন্তু বিজ্ঞানই জয়ী হয়েছে শেষে—বিজ্ঞান ও দর্শনচর্চার এই উজ্জীবিত ইতিহাসই অজয় রায় সংক্ষেপে আলোচনা করেছেন।

নারীবাদ ও নারীমুক্তির আন্দোলন নিয়ে আলোচনা করেছেন নন্দিনী হোসেন ও এম এ আলিম। তাঁদের দুটি মূল্যবান প্রবন্ধ সংখ্যাটিকে ঋদ্ধ করেছে। ‘নারীবাদ ও নারীবাদী’ ও ‘কালের আয়নায় নারীমুক্তির হালচাল’ গদ্যে অত্যন্ত সুচারুভাবে উঠে এসেছে নারীবাদের বিভিন্ন পর্যায়, দর্শনগত মতামত ও তার চরিত্র।

‘বিজ্ঞান, বিজ্ঞানমনস্কতা বনাম কোরানিক বিজ্ঞান’ শিরোনামে ধর্ম সম্পর্কীয় ভ্রান্ত বিশ্বাস, অতিপ্রাকৃত কাহিনীর সঙ্গে বিজ্ঞানের বিরোধ নিয়ে একটি নাতিদীর্ঘ রচনা লিখেছেন জাহেদ আহমদ। লেখাটি বেশ তথ্যপূর্ণ। ধর্মগ্রন্থের সঙ্গে বিজ্ঞানের তফাত কোথায়? বিজ্ঞানীদের পর্যবেক্ষণ-পরীক্ষায় কি ভুল হতে পারে না? কিংবা বিজ্ঞানের কথাই কি সব সময় ধ্রুব সত্য বলে মানতে হবে? এসব প্রশ্নের যথাযথ উত্তর মননশীল পাঠকের চিন্তার খোরাক হতে পারে।